

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়  
বিজ্ঞপ্তি



স্মারক নং-উবি-১৪/২০০৭-১৬৭৪৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের কাগজপত্র জমাদান প্রসঙ্গে।

২০২২ শিক্ষাবর্ষে শিশুশ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের অনলাইনে পূরণকৃত ফরম, প্রবেশপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে:

তারিখ ও বার	রোল পরিসর	কাউন্টার নং	সময়
২২/১১/২০২১ সোমবার	220000001-220000224	১	সকাল ৯:০০ - দুপুর ১:০০
	220000225-220000434	২	
	220000435-220000648	৩	
২৫/১১/২০২১ বৃহস্পতিবার	220000649-220000847	১	সকাল ৯:০০ - দুপুর ১:০০
	220000847-220001059	২	
	220001059-220001263	৩	
২৯/১১/২০২১ সোমবার	220001264-220001457	১	সকাল ৯:০০ - দুপুর ১:০০
	220001458-220001649	২	
	220001650-220001844	৩	

বিঃদ্র: উপরিউক্ত ছকে বর্ণিত তারিখ, সময় ও রোল পরিসর অনুযায়ী কাগজপত্র জমা দিতে হবে। অন্যথায় কাগজপত্র গ্রহণ করা হবে না।

যেসকল কাগজপত্র জমা দিতে হবে (ক্রমানুসারে):

১।	ডাউনলোডকৃত প্রবেশপত্র (Admit Card)
২।	পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি (Application Form)
৩।	শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি
৪।	পিতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি
৫।	মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি
৬।	পিতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি
৭।	মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি
৮।	ক্যাচমেন্ট এরিয়া কোটা:
	(i) বাড়ির মালিকের ক্ষেত্রে: বিদ্যুৎ/পানি/টেলিফোন বিলের কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
	(ii) ভাড়াটিয়ার ক্ষেত্রে: আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে নিজ নামে ইউটিলিটি বিলের (এলোটমেন্ট পেপার/বিদ্যুৎ/পানি/টেলিফোন) সত্যায়িত কপি অথবা বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
৯।	মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর মাতা-পিতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি
১০।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র
১১।	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

বিঃদ্র: বিদ্যালয়ে কাগজপত্র জমাদানের সময় অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে (মাস্ক পরিধান করে) প্রবেশ করতে হবে।

স্বাক্ষরিত/  
জহুরা বেগম  
অধ্যক্ষ